



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট

ডিসিএম সার্কুলার লেটার নং-০১

তারিখঃ ২৯শে মার্চ, ২০১৭  
১৫ই চৈত্র, ১৪২৩

ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী প্রধান  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

তফসিলী ব্যাংকের শাখাগুলো কর্তৃক গ্রাহকদের নিকট হতে মূল্যমান নির্বিশেষে  
সকল প্রকার নোট গ্রহণ, ছেঁড়া-ফাটা নোটের বিনিময়মূল্য প্রদান এবং ধাতব মুদ্রা বিনিময় প্রসঙ্গে।

শিরোক্ত বিষয়ে অত্র বিভাগের ১৪/০১/২০১৩ তারিখের পরিপত্র নং-ইহিশাঃ ২৩(পলিসি)/২০১৩-১৫, ০৭/০৯/২০১৫ তারিখের ডিসিএম সার্কুলার নং-০৮/২০১৫, ১২/১১/২০১৫ তারিখের ডিসিএম পরিপত্র নং-১২/২০১৫ এবং ২১/০৭/২০১৪ তারিখে অনুষ্ঠিত ব্যাংকার্স সভার কার্যবিবরণীর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত পরিপত্র এবং কার্যবিবরণীর মাধ্যমে জনসাধারণের স্বাভাবিক ও সুষ্ঠু লেনদেন অব্যাহত রাখার স্বার্থে তাঁদের নিকট হতে মূল্যমান নির্বিশেষে সকল প্রকার নোট গ্রহণ, বিধি মোতাবেক ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোটের বিনিময়মূল্য প্রদান, ধাতব মুদ্রা গ্রহণ এবং বিতরণের বিষয়টি নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা সত্ত্বেও অত্র বিভাগ কর্তৃক পরিচালিত পরিদর্শনে এবং বিভিন্ন পত্র-পত্রিকা, ব্যক্তিগত অভিযোগপত্র এবং দূরলাপনীর মাধ্যমে প্রাপ্ত অভিযোগ হতে প্রতিভাত হচ্ছে যে, বিভিন্ন তফসিলী ব্যাংকের অনেক শাখা তাদের গ্রাহকদের ধাতব মুদ্রা এবং জনসাধারণের ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোটের বিনিময়মূল্য প্রদানে অনীহা প্রকাশ করছে, যা অনভিপ্রেত।

জনসাধারণের স্বাভাবিক ও সুষ্ঠু লেনদেন অব্যাহত রাখার স্বার্থে তাঁদের নিকট হতে মূল্যমান নির্বিশেষে সকল প্রকার নোট গ্রহণ, বিধি মোতাবেক ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোটের বিনিময়মূল্য প্রদান এবং গ্রাহকদের ধাতব মুদ্রা গ্রহণ ও বিতরণের বিষয়টি নিশ্চিত করতে পুনরায় কঠোর নির্দেশনা প্রদান করা হলো।

এই নির্দেশনা লঙ্ঘিত হলে এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী প্রধান-এর উপর বর্তাবে এবং তাঁদের বিরুদ্ধে বিধি-মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(পরিমল চন্দ্র চক্রবর্তী)  
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)  
ফোনঃ ৯৫৩০২৩২